বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

চট্টগ্রাম রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩

EIIN-104263, (Web: www.bepzacollegectg.edu.bd)

সূত্র ঃ ০৩.০৬.১৫৩৫.৩৩৬.১৮.০০১.২০২৬/২৬৯২ তারিখ ঃ ২৫/১১/২০২৬

ক্যান্টিন বরাদ্দ বিজ্ঞপ্তি

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেডের বিদ্যমান ক্যান্টিন বরাদ্দের লক্ষ্যে বিধি অনুযায়ী এবং শর্ত সাপেক্ষে আগ্রহী বাংলাদেশি নাগরিক/ প্রতিষ্ঠান/ফার্মের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্রম	বিষয়	অবস্থান	মাসিক ভাড়া ও জামানতের পরিমাণ	দরপত্র বিতরণের তারিখ	দরপত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ
০১	বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড এর ক্যান্টিন বরাদ্দ বিজ্ঞপ্তি	বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেডের অভ্যন্তরে	সিডিউলে উল্লেখ করতে হবে	২৯/১১/২০২৫	১৩/১২/২০২৫

শর্তাবলী:

০১. অত্র প্রতিষ্ঠানের প্রশাসন বিভাগ হতে অফিস চলাকালীন (সকাল ৯.০০ ঘটিকা থেকে বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত সরকারী ছুটির দিন ব্যতীত) ক্যান্টিন বরাদ্দের দরপত্র সংগ্রহ/জমাদান করা যাবে।

০২. ক্যান্টিন পরিচালনার জন্য অভিজ্ঞরা অগ্রাধিকার পাবে, ক্যান্টিন পরিচালনাকারীর বৈধ ট্রেড লাইসেন্স ও অন্যান্য বৈধ কাগজপত্র থাকতে হবে।

০৩. ক্যান্টিন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। মানসম্পন্ন খাবার, স্ন্যাকস, চা, কফি পরিবেশন করতে হবে। অস্বাস্থ্যকর খাবার রাখা যাবে না।

০৪. ক্যান্টিনে তামাকজাত এবং অ্যালকোহল জাতীয় দ্রব্য বিক্রি করা যাবে না। প্রতিষ্ঠানের একাডেমিক ভবন ও শ্রেণিকক্ষে খাবার পরিবেশন করা যাবে না।

০৫. ক্যান্টিনের লাভ বা ক্ষতি পরিচালনাকারীর দায়বদ্ধতায় থাকবে। অননুমোদিতভাবে কোনো মালামাল ব্যবহার বা ক্ষতি করা যাবে না, ক্যান্টিনের কোনো ক্ষতি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ক্ষতিপূরণ দিতে হবে।

০৬. নির্ধারিত সময়ে ক্যান্টিন খোলা রাখতে হবে। ছাত্র-ছাত্রীদের সাথে সদাচরণ করতে হবে। প্রতিষ্ঠানের নিয়ম-কানুন মেনে ক্যান্টিন পরিচালনা করতে হবে।

০৭. ক্যান্টিন পরিচালনা কমিটি নিয়মিত ক্যান্টিন পরিদর্শন ও পর্যবেক্ষণ করবে।

০৮. অত্র কর্তৃপক্ষ যেকোনো সময় নোটিশ ছাড়াই চুক্তি বাতিল বা ক্যান্টিন বন্ধ করার অধিকার সংরক্ষণ করেন।

০৯. সর্বোচ্চ ভাড়া এবং জামানতের ভিত্তিতে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। ভাড়া সংক্রান্ত যেকোনো দাবি অত্র কর্তৃপক্ষ পরিবর্তন করতে পারবে। চুক্তির শর্ত ভঙ্গ করলে ক্যান্টিন বরাদ্দ বাতিল হবে।

২৫/১১/২৬

ক্যাপ্টেন মোঃ আশরাফুল আলম, বিএন (অব.)
অধ্যক্ষ ও সচিব
বেপজা পাবলিক স্কুল ও কলেজ
চট্টগ্রাম ইপিজেড